# তানোর উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ লুৎফর হায়দার রশীদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম, তানোর, রাজশাহী

সভার তারিখ ঃ ২৭/০৪/২০২২ খ্রিঃ।

সভার সময় ঃ বেলা ১১.৩০ টা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট '' ক '' দ্রষ্টব্য।
সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''খ'' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২১-২২ অর্থ বছরে খরিপ-১/২০২২-২৩ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ১৭৫০জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন হয়েছে; ২। সরকার নির্ধারিত ভর্তুকী মূল্যে ০২জন কৃষকের মাঝে কম্বাইন হারভেস্টার বিতরণ করা হয়েছে; ৩। খরিপ-১ মৌসুমে বিভিন্ন ফসল, শাকসবজির আবাদ বৃদ্ধির জন্য কৃষকদের পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে; ৪। আলু উঠানোর পর রোপিত বোরো ধানের ব্লাস্ট রোগ এবং কারেন্ট পোকা সম্পর্কে কৃষক সমাবেশ এবং এ সংক্রান্ত ৫০০০ কপি লিফলেট বিতরণ করা হয়েছে; ৫। আউস ধান লাইনে রোপন, ল্যাগ পদ্ধতি অনুসরণ, পার্চিং সহ অন্যান্য লাগসই প্রযুক্তি সম্প্রসারণে কৃষক উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে; ৬। নিরাপদ এবং বিষমুক্ত আম বাজারজাতকরণ এবং সরবরাহের জন্য কৃষক এবং ব্যবসায়ী পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য উপসহকারি কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কাজ করছেন; ৭। মাঠ কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; ৮। কৃষি উপকরণ সমূহের যথাযথ সরবরাহ মনিটরিং চলমান রয়েছে; ৯। এছাড়া সরকার নির্ধারিত বিভিন্ন কার্যক্রম, দিবস পালন, সভায় অংশ গ্রহণ, প্রশিক্ষণে অংশ গ্রহণসহ সকল কাজ সম্পাদনের বিষয়ে করণীয় অব্যাহত রয়েছে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে ৮৮জন মৎস্য চাষীকে বিভিন্ন কাজের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন ইউনিয়নে ইউনিয়ন প্রকল্প ও রাজশাহী প্রকল্পের ৫টি প্রদর্শণী বাস্তবায়নের কার্যক্রম চলমান। ইতিমেধ্যই ৩টি পুকুরে পানা মজুদ করা হয়েছে এবং তাদেরকে মাছের খাদ্য প্রদান করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তানোর, রাজশাহী সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও তানোর, রাজশাহী |
| ০৪ | প্রকৌশলী (এলজিইডি) তানোর। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), তানোর, রাজশাহী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) তানোর, রাজশাহী। |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, তানোর, রাজশাহী জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ৭০জন হিজড়া শিক্ষার্থীদের উপবৃত্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত উপবৃত্তি বিতরণের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ০৭টি ইউনিয়ন ও পৌরসভার মৃত ভাতাভোগীদের নামের তালিকা ১৫ মে ২০২২খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তিনি আরো জানান যে, তার ব্যবহৃত ভবনটি জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয় এবং উপজেলা রাজস্ব তহিবল হতে উপজেলা সমাজসেবা কার্যালয়টি সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী উপজেলা পরিষদ, কলমা, চাঁন্দুড়িয়া, পাঁচন্দর ইউপির চেয়ারম্যানকে ধন্যবাদ জানান প্রাণপুর স:প্রা:বি: এর মাঠ ভরাট, হাড়দহ স:প্রা:বি: এর প্রটেকশান ওয়ালের ভিতরে ভরাট ও বিল্লি স:প্রা:বি: এর পুকুরের পার্শ্বে প্রটেকশান ওয়াল নির্মাণের জন্য। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ এলজিইডি এবং ওয়াটার ও স্যানিটেশন সংক্রান্ত কাজ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর সম্পাদন করে থাকেন কিন্তু এলজিইডি কর্তৃক নির্মাণাধীন নতুন ভবন এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ এবং নতুন ভবন নির্মানের কাজ দীর্ঘদিন যাবৎ স্থবির হয়ে পড়ে আছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মাণাধীন ওয়াসব্লকের কাজের গতি অনেক মন্থর এবং কাজের ফিনিসিং সন্তোষজনক নয়। বর্ণিত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বর্ণিত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানের আন্তরিক সহযোগিতা করার নির্দেশনা প্রদান করা হলো | উপজেলা শিক্ষা অফিসার তানোর, রাজশাহী |
| ০৮ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তানোর, রাজশাহী। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী জানান, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গত মার্চ/২২ মাসে অত্র উপজেলায় ২৩৮৭জন উপকারভোগীর মাঝে ভিজিডি কর্মসূচীর ৭১.৬১০ মে:টন খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। সহযোগি এনজিওর মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর উপকারভোগীগণ যথারীতি জি২পি পদ্ধতিতে আর্থিক সুবিধা অব্যহতভাবে পাচ্ছেন। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীতে উপকারভোগীগণ জি২পি পদ্ধতিতে আর্থিক সুবিধা পাচ্ছেন। ক্ষুদ্রঋণ কর্মসূচি স্বাভাবিক নিয়মে চলছে। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ৩০জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৩৯০জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, ২৪৭জনকে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ৬৩ জনের কর্মসংস্থানের ব্যাবস্থা করা হয়েছে এবং ২২,৯০,০০০/- টাকার যুব ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়াও সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে তবে খেলাপী ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ১২ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, এ দপ্তরের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক চলছে। শিক্ষার্থীদের ইউনিক আইডি কার্যক্রম আগামী ৩০/০৪/২০২২খ্রি. তারিখে শেষ হবে। তানোরে ৮,০০০ জন শিক্ষার্থীর ইউনিক আইডি কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠান বার বার বলার পরও এখনও শূন্য। সব প্রতিষ্ঠানের সমস্য হলো ডিজিটাল জন্ম নিবন্ধন নাই। এজন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রীদের স্বাস্থ্য বিভাগের উদ্যেগে ১২ মাস ব্যাপী ফলিক এসিড (আয়রন) খাওয়ানো হচ্ছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তানোর, রাজশাহী জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত সাবমার্সিবল পাম্প স্থাপন কাজ চলমান আছে। পিইডিপি-৪ ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্যানিটেশন ব্যবস্থা উন্নতকরণের লক্ষ্যে নতুন ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস স্থাপনের কাজ শুরু হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় বলেন যে, ০১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বাংলাদেশে প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে ট্যাবের মাধ্যমে ১৫-২১জুন ২০২২খ্রি. ৭দিন ব্যাপী সারাদেশে মূল জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুষ্ঠিত হবে; ২। ২১-২৬ এপ্রিল ২০২২খ্রি. তারিখ হতে ৩য় জোনাল অপারেশনের কাজ মাঠ পর্যায়ে চলমান ছিল। গণনাকারী ও সুপারভাইজার নিশ্চিতকরণ, প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা তৈরী করে সার্ভারে প্রেরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ করা হয় | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় বলেন যে, অত্র উপজেলায় ২০২১-২২ অর্থবছরে ৫ কি:মি: স্ট্রিট বাগান সৃজনের বরাদ্দ পাওয়া গিয়েছে। চারা উত্তোলনের কাজ শেষ হয়েছে। এছাড়া স্বল্প মূল্যে বিক্রির জন্য ৩,০০০টি চারা ও বিনামূল্যে বিতরণের জন্য ৩,১০০টি চারার বরাদ্দ পাওয়া গিয়েছে। চারা উত্তোলনের কাজ প্রায় শেষ পর্যায়ে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে রচলছে। | তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ১৮ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তানোর, রাজশাহী সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯ | বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ বিএমডিএ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) তানোর, রাজশাহী বলেন তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাব চলছে। | তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য 'ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান' প্রশিক্ষণ গত ১৬-০৪-২২তারিখ হতে শুরু হয়েছে। এদুটো ব্যাচে মোট ৬০জন শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে অংশ গ্রহণ করছেন। আগামী ২৮.০৪.২২ তারিখে সফলভাবে সম্পন্ন হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, তানোর, রাজশাহী সভায় অনুপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য জানা গেল না। | কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ২২ | পল্লী জীবিকায়ন কর্মসূচী, তানোর ইউবিসিসিএ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, তানোর ইউবিসিসিএলিঃ, তানোর, রাজশাহী সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। উক্ত কার্যক্রমসমূহে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, তানোর ইউবিসিসিএ লিঃ |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তানোর, রাজশাহী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তানোর, রাজশাহী |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, তানোর, রাজশাহী সভায় জানান, বাড়ী বাড়ী গিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম আগামী ১৭/০৮/২০২২খ্রি. তারিখ হতে শুরু হবে। তথ্য সংগ্রহ চলবে আগামী ০৭/০৯/২০২২খ্রি. তারিখ পর্যন্ত। যাদের জন্ম তারিখ ০১/০১/২০০৭ বা তার পূর্বে তাদের নাম তালিকাভুক্ত করা হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২৫ | নেসকো, তানোর, রাজশাহী | সভায় আবাসিক প্রকৌশলী, নেসকো, তানোর, রাজশাহী সভায় অনুপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক প্রকৌশলী নেসকো, তানোর, রাজশাহী |
| ২৬ | রাজশাহী পল্লী বিদুৎ সমিতি, তানোর জোনাল অফিস | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, তানোর জোনাল অফিস, তানোর, রাজশাহী বলেন, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে তাকে অনুরোধ করা হয়। | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটেটর বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটেট কে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিলেটর ও সংশ্লিষ্ট সকল |
| ২৮ | উপজেলা সাব-রেজিস্ট্রার অফিস | উপজেলা সাব-রেজিস্ট্রার, তানোর, রাজশাহী সভায় অনুপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সাব-রেজিস্ট্রার |

২৯. ইউনিয়ন পরিষদ ঃ-

| ক্রঃনং | ইউনিয়ন পরিষদের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২৯.০১ | কলমা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কলমা ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে সকল কাজে সহায়তা করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। |
| ২৯.০২ | বাঁধাইড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বাঁধাইড় ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে সকল কাজে সহায়তা করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। |
| ২৯.০৩ | পাঁচন্দর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পাঁচন্দর ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে সকল কাজে সহায়তা করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। |
| ২৯.০৪ | সরনজাই ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সরনজাই ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত না থাকায় তার ইউপি সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। |
| ২৯.০৫ | তালন্দ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তালন্দ ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত হয়ে জানান যে, কালনা ও আড়াদিঘীর রাস্তার অবস্থা খুবই খারাপ। তার ইউনিয়নে সার এর সমস্য রয়েছে। এছাড়া তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | রাস্তার বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। সারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ জানান। |
| ২৯.০৬ | কামারগা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কামারগা ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত না থাকায় তার ইউপি সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। |
| ২৯.০৭ | চান্দুড়িয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, চান্দুড়িয়া ইউপি, তানোর, রাজশাহী সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে সকল কাজে সহায়তা করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। |

৩০. উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনা ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩০. ০১ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নামে ২টি ব্যাংক হিসাবের মাধ্যমে লেনদেন সম্পন্ন করা হয়। এপ্রিল/২০২২ মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর ৪০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা সম্মানি ভাতা ও উপজেলা পরিষদ মাসিক সভার আপ্যায়ন ও অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- ও মাসিক আনুষাংগিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। | আর্থিক বিধি বিধান অনুসারে হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং এপ্রিল/২০২২ মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর ৪০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা সম্মানি ভাতা ও উপজেলা পরিষদ মাসিক সভার আপ্যায়ন ও অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- ও মাসিক আনুষাংগিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রম গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ৩০. ০২ | বিবিধ | ১৪ এপ্রিল/২০২২ ০১লা বৈশাখ-১৪২৯ উদযাপনের বকেয়া বিল প্রদানের জন্য পাওনাদার কর্তৃক ৩৫০০০/- (পয়ত্রিশ হাজার) টাকার বিল দাখিল করেন। উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১৪ এপ্রিল/২০২২ ০১লা বৈশাখ-১৪২৯ উদযাপনের বকেয়া বিল প্রদানের জন্য পাওনাদার কর্তৃক ৩৫০০০/- (পয়ত্রিশ হাজার) টাকার বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩০. ০৩ | বিবিধ | উপজেলা পরিষদ ভবনের টুকিটাকি মেরামত বাবদ ২৪,৯৬০/- (চব্বিশ হাজার নয়শত ষাট) টাকা ব্যয় হয়েছে উক্ত ব্যয় পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | উপজেলা পরিষদ ভবনের টুকিটাকি মেরামত বাবদ ২৪,৯৬০/- (চব্বিশ হাজার নয়শত ষাট) টাকা ব্যয় হয়েছে উক্ত ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ৩০. ০৪ | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা নির্ধারণ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী সভায় কলমা ইউনিয়নের চোরখোর নইমুদ্দিন এর বাড়ী হতে দায়মা পুকুরে ড্রেন নির্মাণের প্রস্তাব করেন।<br>(খ) কলমা ইউনিয়নের চোরখোর তালপুকুরের পূব দিকে ড্রেন নির্মাণের প্রস্তাব করেন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী সভায় বলেন তানোর উপজেলার বিভিন্ন ইউনিয়নে পানি নিস্কাশনের জন্য আরসিসি রিং পাইপ সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, তালন্দ ইউপি, তানোর, রাজশাহী সভায় বলেন ০৫নং তালন্দ ইউপির বিভিন্ন স্থানে রিং পাইপ সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, বাধাইড় ইউপি, তানোর, রাজশাহী সভায় বলেন ইউপির গাল্লা সাফিউলের বাড়ীর নিকট কালভার্ট নির্মাণ ও রিং পাইপ সরবরাহ করা একান্ত প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, পাঁচন্দর ইউপি, তানোর, রাজশাহী সভায় বলেন পাঁচন্দর ইউপির ইলামদহী নয়নের বাড়ী হতে সাইদুরের দোকান পর্যন্ত ড্রেন নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, বাধাইড় ইউপি, তানোর, রাজশাহী সভায় বলেন বাধাইড় ইউপির শিবরামপুর আসিরউদ্দিনের বাড়ীর নিকট সরকারি রাস্তার ধারে ইউ ড্রেন নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | সকল ইউপি চেয়ারম্যান, তানোর, রাজশাহী সভায় বলেন, তানোর উপজেলার বিভিন্ন ইউনিয়নে রিং পাইপ সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহী সভায় বলেন যে, প্রতিবছরের ন্যায় এবছর বিলকুমারী বিলে মাছের পোনা অবমুক্ত করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তানোর, রাজশাহী বলেন যে, মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমুহে ফলজ/বনজ বৃক্ষ রোপন করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | কলমা ইউপির কুমরাপাড়া হতে চন্দনকোঠা যাওয়ার পথে সিরাজুলের গভীর নলকুপের নিকট ইউ ড্রেন নির্মাণের প্রস্তাব করেন কলমা ইউপি'র চেয়ারম্যান। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তানোর, রাজশাহী সভায় বলেন, নারী উন্নয়ন ফোরামের আওতায় বেকার নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩০.০৫ | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা নির্ধারণ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তানোর, রাজশাহী সভায় বলেন, তানোর উপজেলার বিভিন্ন ইউনিয়নের দুঃস্থ্য মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী সভায় বলেন যে, তানোর উপজেলার খেলাধূলার উন্নয়নে ক্রীড়া সামগ্রী বিতরণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা ভাইস চেয়ারম্যান, তানোর, রাজশাহী সভায় বলেন স্কাউটিং উন্নয়নে ড্রামসেট সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী সভায় বলেন যে, শিক্ষা উন্নয়নে বিভিন্ন বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী সভায় বলেন যে মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের মাঝে স্যানেটারী ন্যাপকিন সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী সভায় বলেন যে, বিনোদপুর নিম্ন মাধ্যমিক স্কুলের শ্রেণী কক্ষ মেরামত কর প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী সভায় বলেন যে, কলমা ইউনিয়নের ঘৃতকাঞ্চন ইউজেডআর পাকা রাস্তা হতে চোরখোর মসজিদ পর্যন্ত এইচবিবি করা।<br>(খ) কলমা ইউনিয়নের চোরখোর তালপুকুরের প্রটেকশন ওয়াল ও ঘাট নির্মান করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা ভাইস চেয়ারম্যান, তানোর, রাজশাহী বলেন যে, কলমা ইউনিয়নের চোরখোর কবরস্থানের বাউন্ডারী ওয়াল ( পূর্ব ও দক্ষিন দিকে ) নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা শিক্ষা অফিসার, তানোর, রাজশাহী বলেন যে, চাঁন্দুড়িয়া ইউপির হার্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুকরের প্রটেকশন ওয়াল নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় আরএফকিউ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, কামারগাঁ ইউপি, তানোর, রাজশাহী বলেন যে, কামারগাঁ ইউপির দমদমা গোপালের বাড়ী হতে আবুল এর বাড়ী পর্যন্ত রাস্তার প্রটেকশন ওয়াল নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা ভাইস চেয়ারম্যান, তানোর, রাজশাহী বলেন যে, পাঁচন্দর ইউপির কৃষ্ণপুর দক্ষিনপাড়া রবিউলের বাড়ীর পার্শ্বে পিয়াজ পুকুরের প্রটেকশন ওয়াল নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০.০৬ | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা নির্ধারণ | চেয়ারম্যান, চাঁন্দুড়িয়া ইউপি, তানোর, রাজশাহী বলেন যে, চাঁন্দুড়িয়া ইউপির কোলষ্টোর হতে মথুরাপুর থামার পুকুর পর্যন্ত সোলিং দ্বারা রাস্তা নির্মাণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | চেয়ারম্যান, সরনজাই ইউপি, তানোর, রাজশাহী বলেন যে, সরনজাই ইউপির বিভিন্ন রাস্তায় রিং পাইপ সরবরাহ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |
| | | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি প্রকল্প বাস্তবায়নের জন্য তদারকি খরচ ও আনুষাঙ্গিক খরচ প্রয়োজন। | সভায় আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, এডিপি বরাদ্দর নীতিমালা অনুযায়ী ১.৫% অর্থ উপজেলা প্রকৌশলী ব্যয় করবেন। | উপজেলা প্রকৌশলী, তানোর, রাজশাহী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ লুৎফর হায়দার রশীদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
**www.tanore.rajshahi.gov.bd**

''শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি''

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১৯৪.০০০.০৮.০০১.২২- ৬২১ (৭০)

তারিখঃ ১৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, সংসদ সদস্য, ৫২-রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
০৪। উপ-সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২ ,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে প্রেরণ করা হ'ল ঃ-

০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
০৭। মেয়র মুন্ডুমালা/তানোর পৌরসভা, তানোর, রাজশাহী।
০৮। উপজেলা ................................................................................ অফিসার, তানোর, রাজশাহী।
০৯। চেয়ারম্যান কলমা/বাধাইড়/পাঁচন্দর/সরনজাই/তালন্দ/কামারগাঁ/ চাঁন্দুড়িয়া ইউ পি, তানোর, রাজশাহী।

27/04/2022

(পংকজ চন্দ্র দেবনাথ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী
ফোন-০২৪৭৮-৫১০০২
unotanore@mopa.gov.bd